গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৫- ৪০২

তারিখ : ২৪ ফাল্গুন ১৪৩১ / ০৯ মার্চ ২০২৫

**"সভার নোটিশ"**

আগামী ১৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল- ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের মার্চ/২০২৫ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

বিতরণ :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. ............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১৩/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, .......................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব.........................................................................................., কালিয়া, নড়াইল।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৫- ৪০২

তারিখ : ২৪ ফাল্গুন ১৪৩১ / ০৯ মার্চ ২০২৫

**"সভার নোটিশ"**

আগামী ১৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল- ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের মার্চ/২০২৫ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

বিতরণ :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. ............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১৩/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, .......................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব.........................................................................................., কালিয়া, নড়াইল।

# উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল এর মার্চ/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

তারিখ : ১৩/০৩/২০২৫ খ্রিঃ।
সময় : বেলা-১১.০০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি: মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে সভায় বিগত ১৩/০২/২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিলের সচিত্র হিসাব উপস্থাপনপূর্বক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার জন্য দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়।

**দাপ্তরিক আলোচনা**

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের ফেব্রুয়ারি, ২০২৫ মাসের আয় ব্যয়ের হিসাব | (নিচে দেখুন) | | |

**উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ফেব্রুয়ারি/২০২৫ মাসের আয় ও ব্যয় বিবরণী**

| ফেব্রুয়ারি/২০২৫ মাসের আয় | টাকা | ফেব্রুয়ারি/২০২৫ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| সাব রেজিষ্ট্রে অফিস, কালিয়া, নড়াইল হতে ১% অর্থ জমা | ৭,৪৮,৬৯৮.৭০ | উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর মজুরী প্রদান, উপজেলা পরিষদের ০৪ জন কর্মচারীর সিপিএফ ফান্ডে জমা, আপ্যায়ন ব্যয় বিল, কন্টিজেন্সি বিল, চেক ইস্যু এবং অন্যান্য ব্যয়। | ২,৭০,৭৮৫ |
| নগদ জমা | ১৮,৮৬০ | - | - |
| **মোট প্রাপ্ত =** | **৭,৬৭,৫৫৮.৭০** | **মোট ব্যয়/খরচ =** | **২,৭০,৭৮৫** |
| **প্রারম্ভিক জের =** | **৩৩,০৪,৩৪৯.৩৫** | **সমাপ্তি জের/ব্যালান্স =** | **৩৮,০১,১২৩.০৫** |
| **সর্বমোট =** | **৪০,৭১,৯০৮.০৫** | **সর্বমোট =** | **৪০,৭১,৯০৮.০৫** |

**উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের ফেব্রুয়ারি/২০২৫ মাসের আয় ও ব্যয় বিবরণী**

| ফেব্রুয়ারি/২০২৫ মাসের আয় | টাকা | ফেব্রুয়ারি/২০২৫ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| **মোট প্রাপ্ত** | - | **মোট ব্যয়/খরচ** | - |
| **প্রারম্ভিক মোট** | **৫৬,৪১,৯৭২.৬৯** | **সমাপ্তি জের/ব্যালান্স** | **৫৬,৪১,৯৭২.৬৯** |
| **সর্বমোট =** | **৫৬,৪১,৯৭২.৬৯** | **সর্বমোট =** | **৫৬,৪১,৯৭২.৬৯** |

উল্লেখ্য উক্ত স্থিতির মধ্যে আন্ত বিভাগীয় খেয়াঘাটের ৩৩,৬৬,২৮৫.৩০ (তেত্রিশ লক্ষছেষট্টি হাজার দুইশত পঁচাশি টাকা ত্রিশ পয়শা) টাকা অন্তর্ভুক্ত রয়েছে। আন্ত বিভাগীয় খেয়াঘাটেরঅর্থ বাদে উপজেলা উন্নয়ন তহবিলে ২২,৭৫,৬৮৭.৩৯ (বাইশ লক্ষ পচাত্তর হাজার ছয়শত সাতাশি টাকা উনচল্লিশ পয়শা) টাকা অবশিষ্ট রয়েছে।

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ইউনিয়ন পরিবার কল্যান কেন্দ্রের লোকবল কম থাকায় পহরডাঙ্গা ইউনিয়নের স্বাস্থ্য পরিবার কল্যান কেন্দ্র সপ্তাহে ৩ দিন বন্ধ থাকে। মন্ত্রণালয় হতে জনবল নিয়োগ দিলে এ সমস্যা সমাধান হবে। তিনি আরো জানান যে, এ উপজেলায় মোট সক্ষম দম্পতি ৪৭,৩৮৬ জন। এদের মধ্যে পদ্ধতি গ্রহণকারী সংখ্যা ৩৭,৬৬৪ জন, মোট গর্ভবতীর সংখ্যা ১,৫৭৪ জন। তিনি আরো বলেন, তার দপ্তর হতে ১,৫৩১ জনকে শিশু সেবা, ৫৬৫ জনকে গর্ভবতী সেবা, ১৮,২৬৪ জনকে পুষ্টি সেবা এবং ২১৬ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। পাশাপাশি ৪ জনকে এফডব্লিউসিতে স্বাভাবিক ডেলিভারী করানো হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, আগত সেবা প্রত্যাশিদের মাঝে শতভাগ স্বচ্ছতার সহিত সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, গ্রীষ্মকালীন প্রণোদনা কর্মসূচীর আওতায় সর্বমোট= ৬৭০ জনের মাঝে মুগ ও তীলের বীজ বিতরণ করা হয়েছে। তন্মধ্যে তীলের বীজ ৫৩০ জন ও মুগ বীজ ১৪০ জনের মাঝে বিতরণ করা হয়েছে । ইতোমধ্যে আউশ প্রণোদনার আওতায় উপজেলায় ১৮০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণের বরাদ্দ পাওয়া গেছে। পাশাপাশি তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, প্রণোদনার প্রাপ্ত বরাদ্দের সার ও বীজ বিতরণ কার্যক্রম শতভাগ সচ্ছতার সাথে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৫ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, খাশিয়াল ও পাঁচগ্রাম ইউনিয়নে প্রদর্শনীর কাজ চলমান রয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গৃহীত ও বাস্তবায়িত হবে। তার দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, মন্ত্রণালয়ের নির্দেশানা মোতাবেক প্রাপ্ত বরাদ্দ শতভাগ স্বচ্ছতার সাথে যথাযথ ভাবে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৬ | প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে ১,০৮০ টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে। এ মাসে ৬৫,০০০ টি হাঁস-মুরগীর টিকা বিক্রয় করা হয়েছে। পাশাপাশি ২,০৮৩টি গবাদি পশুর চিকিৎসা, ১০,৫৮৩টি হাঁস-মুরগীর চিকিৎসা, ০১টি পোষাপ্রাণির চিকিৎসা এবং ৫৭০টি গবাদি পশুর কৃত্রিম প্রজনন করানো হয়েছে। তার দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, কালিয়া উপজেলার গবাদি পশুসহ অন্যান্য প্রাণির সঠিক সময়ে সঠিক চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৭ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের বর্ধিত কোটায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার যে অতিরিক্ত বরাদ্দ পাওয়া গিয়েছিল তার ফলস্বরূপ প্রতিটি ইউনিট থেকে তালিকা পাওয়া গেছে। মৃত ভাতাভোগীদের পরিবর্তে ভাতা পাবার যোগ্য ব্যক্তিদের প্রতিস্থাপনের তালিকা উপজেলার পুরুলিয়া, হামিদপুর, বাবরা-হাচলা, পাঁচগ্রাম, জয়নগর, পহরডাঙ্গা, বাঐসোনা ও কলাবাড়িয়া থেকে পাওয়া গেছে। সফটওয়্যার জটিলতার জন্য তৃতীয় কিস্তির পেরোল প্রদানে বিলম্ব হতে পারে। ফলে ঈদের আগে ভাতাভোগীর ভাতাপ্রাপ্তির ব্যাপারে সংশয় রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচানান্তে, মৃত ভাতাভেগীদের পরিবর্তে অনলাইনে আবেদনকৃত ভাতা পাবার যোগ্য ব্যক্তিদের প্রতিস্থাপনের তালিকা যে সকল ইউনিয়ন হতে পাওয়া যায়নি সে সকল ইউনিয়নকে নির্ধারিত সময়ের মধ্যে তালিকা প্রদানের ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক)উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। খ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৫ শিক্ষাবর্ষের সকল শ্রেণির বিনামূল্যের পাঠ্যপুস্তক পাওয়া গেছে এবং সকল ছাত্র ছাত্রীর হাতে পৌছে গেছে। পবিত্র রমজান উপলক্ষে ২৬/০২/২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৭/০৪/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকবে। দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, শিক্ষর্থীদের শিক্ষার গুণগত মান বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচীতে ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতি ইউনিয়নে মাস প্রতি ৫ জন উপকারভোগী নির্বাচনের নির্দেশনা পওয়া গিয়েছে। মা ও শিশু সহায়তায় কালিয়া উপজেলার ১টি পৌরসভা ও ১৪টি ইউনিয়নে মার্চ/২০২৫ মাস পর্যন্ত মোট ২০৯ জন ভাতাভোগী রয়েছে। এ উপজেলায় ২৩৬৩ জন ভিডব্লিউবি উপকারভোগী রয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরের নতুন উপকারভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া গেছে। এপ্রিল-জুন/২০২৫ তিন মাস মেয়াদী দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় প্রশিক্ষণার্থী নির্বাচনের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, ভাতাভোগী ও দর্জি বিজ্ঞানে প্রশিক্ষণার্থী নির্বাচনের বিষয়ে শতভাগ স্বচ্ছতার সাথে কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে মার্চ/২০২৫ মাসে কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি। চলতি অর্থ বছরে ফেব্রুয়ারি/২০২৫ মাস পর্যন্ত ৫৭ (পুরুষ-৩০, মহিলা-২৭)জন প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে=২২,৮০,০০০/- টাকা যুবঋণ বিতরণ করা হয়ছে। চলতি অর্থ বছরে মার্চ/২০২৫ মাস পর্যন্ত ৫৭ জন যুব/যুব মহিলাকে স্বকর্মসংস্থানের মাধ্যমে আত্মকর্মী হিসাবে গড়ে তোলা হয়েছে। চলতি | বিস্তারিত আলোচনান্তে,<br>১১.ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে বিতরণকৃত ঋণের অর্থ শতভাগ সচ্ছতার সাথে আদায়কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.খ) যুব/যুব মহিলাদের | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাস পর্যন্ত ০৫ (পুরুষ-৩, মহিলা-২)জনকে বায়োগ্যাসপ্লান্ট প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে ২,৫০,০০০/- টাকা বায়োগ্যাসপ্লান্ট ঋণ বিতরণ করা হয়েছে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | স্বকর্মসংস্থানের হার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপির মোট ৮টি প্যাকেজের দরপত্র গত ২৪/০২/২০২৫ খ্রিঃ তারিখে ইজিপি পদ্ধতিতে আহ্বান করা হয়েছিল। গত ১১/০৩/২০২৫ খ্রিঃ তারিখে টেন্ডার ওপেনিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। টেন্ডার ইভেলুয়েশন এর কাজ চলমান রয়েছে। যত দ্রুত সম্ভব ইজিপি পদ্ধতিতে অনলাইন লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপির ৮টি প্যাকেজের লটারীর কাজ সম্পন্ন করতঃ দ্রুত সময়ের মধ্যে কার্যাদেশ প্রদানের ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে অনুমোদিত ৬০ টি গভীর নলকূপের কাজ চলমান রয়েছে। বাকি নলকূপের কাজ চলমান। তিনি আরো বলেন, বিভিন্ন ইউনিয়নে স্থাপিত প্রায় ৫০০ গভীর নলকূপের গোড়া পাকাকরণ কাজের বিষয়ে ঠিকাদারকে জোর তাগিদ প্রদান করা হয়েছে। ঠিকাদার ঈদ-উল-ফিতরের পরে কাজ শুরু করবে বলে জানিয়েছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, বিগত অর্থ বছরে স্থাপিত গভীর নলকূপের গোড়া পাকা করণ বিষয়ে সভার পক্ষ হতে তীব্র অশন্তোষ প্রকাশ করা হয় এবং ঠিকাদারকে ঈদ-উল-ফিতরের আগেই কাজ আরাম্ভ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |
| | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরর হতে ০৮ (আট)টি আশ্রয়ন প্রকল্পের ঋণ দাদন ১০০% এবং আদেয়ের হার ৫৫%। দাদনকৃত ঋণ সদস্যরা যথাযথ ভাবে ব্যবহার করছে এবং তারা উপকৃত হয়েছে। এ বিভাগের নিবন্ধিত সমবায় সমিতিগুলো অনলাইনের আওতায় আনার কার্যক্রম সম্পন্ন হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, যথাযথ তদারকির মাধ্যমে দাদনকৃত ঋণসমূহ নির্দিষ্ট খাতে ব্যবহার পূর্বক যথাসময়ে ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তর হতে সরকারি মূল্য ৯ টাকায় চারা বিক্রয় বিতরণ নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন, বাংলাদেশ গেজেট এস, আর, ও নং ১৩০-আইন/১২ বিধিমালা নির্দেশনা অনুযায়ী উপজেলার সকল করাত কলের লাইসেন্স থাকা বাধ্যতামূলক হলেও এ উপজেলার অনেক করাত কলের লাইসেন্স নেই। করাত কল বিধিমালা-২০১২ অনুযায়ী অবৈধ করাত কল উচ্ছেদের চলমান অভিযান আরও জোরদার করা প্রয়োজন। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, কালিয়া উপজেলার সকল করাত কলের লাইসেন্স করার ব্যবস্থা গ্রহণে ফরেষ্টার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, কালিয়া, নড়াইল। |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, আগামী ১০/০৪/২০২৫ খ্রিঃ তারিখ হতে এসএসসি পরিক্ষা শুরু হবে। এ উপজেলায় মোট ৭টি কেন্দ্র রয়েছে। পাশাপাশি দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, এসএসসি পরিক্ষার হল নকলমুক্ত করাসহ নিদৃষ্ট সময়ে যথাযথ পরিবেশে যাতে পরীক্ষার্থীরা পরিক্ষা দিতে পারে তার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৭ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৫ সালে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রম সমাপ্ত হয়েছে। এ উপজেলায় সর্বমোট ১১,০৯২ (এগার হাজার বিরানব্বই) জন নতুন ভোটর হয়েছে। তিনি আরো বলেন, অনেক সময় দেখা যায় জীবিত ভোটার অনলাইনে মৃত হিসাবে তথ্য প্রদর্শণ করছে। উক্ত ব্যক্তিগণ তার অফিসে যোগাযোগ করে ভোটারের তথ্য সংশোধন করতে পারবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, এ উপজেলার বাসিন্দাদের ভোগান্তি লাঘবের জন্য ভোটার তথ্য হালনাগাদের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের নির্ভুল তথ্য আপলোড করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, এ উপজেলার বিভিন্ন ইউনিয়ন হতে জনসংখ্যার সঠিক গননা করা হয়নি বিষয়ে অভিযোগ পাওয়া যাচ্ছে। ২০১১ সালে জনসংখ্যা শুমারিতে বড়নাল ইলিয়াছাবাদ ইউনিয়নে যে জনসংখ্যা ছিল তা ২০২১ সালে প্রায় ৬গুন বৃদ্ধি পেয়েছে বলে অভিযোগ এসেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, এ উপজেলার কোন ইউনিয়নে জনসংখ্যা গণনায় ভুল হয়েছে কিনা, যদি ভুল হয়ে থাকে তা সংশোধনের কিকি পদক্ষেপ গ্রহণ করেছেন সে বিষয়ে প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, খাদ্যবান্ধব ডিলার নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। পাঁচগ্রাম, পেড়লী, পহরডাঙ্গা ও পরুলিয়া ইউনিয়নের টিসিবির কার্ড না আসায় উক্ত ইউনিয়নে টিসিবি কার্যক্রম বন্ধ রয়েছে। বড়নাল ইলিয়াছাবাদ ইউনিয়নের টিসিবির কার্ডধারী লোকজনদের টিসিবির মালামাল কালিয়া থেকে সংগ্রহ করতে হচ্ছে। ভিজিএফ এর উপ-বরাদ্দ পাওয়া গেছে। পাশাপাশি আমন ধান ও চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান যে, ৩০ টাকায় চাল ও ২০ টাকায় আটা বিক্রয়ের ওএমএস ডিলার নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৯.ক) প্রতিটি ইউনিয়নে টিসিবির মালামাল বিতরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৯.খ) টিসিবির কার্ড একটিভ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৯.গ) প্রতিটি ইউনিয়নের খাদ্যবান্ধব ডিলার নিয়োগ ও ওএমএস এর চাল বিতরণ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিয়া, নড়াইল। নড়াইল। |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে মোট আয় ৩,৮৮,৭৯৮/-, মোট ব্যয় ৪,১৫,১২২/-। ২০২৪-২০২৫ অর্থ বছরে তার দপ্তর হতে বিতরণকৃত মোট লক্ষ্য মাত্রা ৩৭,৮৫,০০০/- অর্জন ২৪,৪০,০০০ হার ৬৪%। তন্মধ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ খাতের লক্ষ্য মাত্রা ১৫,০০,০০০/- অর্জন ৩,৩০,০০০/- হার ২২%, নারী উদ্যোক্তা ঋণ খাতের লক্ষ্য মাত্রা ৭,০০,০০০/- অর্জন ৮,৬০,০০০/- হার ১২৩%, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণবিতরণ খাতের লক্ষ্য মাত্রা ১০,৮৫,০০০/-, অর্জন ১২,৫০,০০০/- হার ১১৫%, প্রনোদনা ঋণ বিতরণ (কোভিড ঋণ) খাতের লক্ষ্য মাত্রা ৩,০০,০০০/- অর্জন নাই এবং কৃষি জীবিকায়ন ঋণ বিতরণ লক্ষ্য মাত্রা ২,০০,০০০/- অর্জন নাই। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, শতভাগ স্বচ্ছতার সহিত ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল। |
| ২১ | উপজেলা পাট অফিস | উপজেলা পাট কর্মকর্তা , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ কোন বরাদ্দ পাওয়া যায় নাই। পাশাপাশি পাট চাষীদের তালিকা সংশোধনের কাজ চলমান আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, পাট চাষীদের মধ্যে শতভাগ স্বচ্ছতার সাথে পাটের বীজ ও সার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পাট কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| ২২ | পল্লী বিদুৎ অফিস | ডিজিএম, কালিয়া জোনাল অফিস সভায় উপস্থিত। তিনি জানান যে, আসন্ন পবিত্র মাহে রমজান এবং গ্রীষ্মের দাবদাহ থেকে মুক্তির লক্ষ্যে এ উপজেলায় বসবাসরত সকল ইউনিয়নের লোকজনদের মাঝে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্তে বৈদ্যুতিক লাইনের উপরের গাছের ডালপালা কর্তণ কার্যক্রম চলমান রয়েছে। পহরডাঙ্গা ইউনিয়নে লাইন আপগ্রেডের কাজ চলমান থাকায় মাঝে মধ্যে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখতে হচ্ছে। সার্বিক পরিবেশ পরিস্থিতিতে অত্র উপজেলার বিদ্যুতের চাহিদা অনুযায়ী সরবরাহ সন্তোষজনক রয়েছে। তিনি আরো জানান যে, বিভিন্ন সরকারি দপ্তরের দীর্ঘদিনের বকেয়া বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>২২.ক) আসন্ন পবিত্র মাহে রমজান এবং গ্রীষ্মের দাবদাহ থেকে মুক্তির লক্ষ্যে এ উপজেলায় বসবাসরত সকল ইউনিয়নের লোকজনদের মাঝে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২২.খ) যে সকল সরকারি প্রতিষ্ঠানে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা পরিশোধের ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, কালিয়া জোনাল অফিস, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল বলেন, নাওরা খেয়াঘাটের ১৪৩২ সনের জন্য ইজারা প্রদনের নিমিত্তে টেন্ডার আহ্বান করা হয়। আহ্বনকৃত টেন্ডারের মধ্যে জনাব মিতুল শেখ, পিতা- আরশাদ শেখ, গ্রাম-বিলবাউচ, ডাকঘর-পাটনা, কালিয়া, নড়াইল-এর দর সরকারি মূলের বেশি হওয়ায় গত ২৫/০২/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কালিয়া উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীনের খেয়াঘাট সমূহের বাংলা ১৪৩২ সনের ইজারা (১ম বার) দরপত্র মূল্যায়ন কমিটির সভায় তার অনুকূলে বাংলা ১৪৩২ সনের জন্য ইজারা প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, কালিয়া উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীনের খেয়াঘাট সমূহের বাংলা ১৪৩২ সনের ইজারা (১ম বার) দরপত্র মূল্যায়ন কমিটির সভায় (পরিশিষ্ট-খ) এ সভায় অনুমোদন পূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| ২৪ | বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়িটি উপজেলা পরিষদ চেয়ারম্যানের পদ না থাকায় দীর্ঘদিন ব্যবহার করা হচ্ছে না। যার ফলে গাড়িটির কিছু যন্ত্রাংশে সমস্যা হয়েছে। সরকারি সম্পদ এবং উপজেলা পরিষদের সম্পদ সংরক্ষণের জন্য জীপ গাড়িটি মেরামত করা প্রয়োজন। তিনি আরো জানান যে, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদে প্রতি বছর যানবাহন মেরামত বাবদ ১,০০,০০০/- ব্যয় করার বিধান রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে সরকারি সম্পদ সংরক্ষণের জন্য জীপ গাড়িটি মেরামত করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত সদস্যগন উক্ত প্রস্তাবে সম্মতি প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, সরকারি সম্পদ সংরক্ষণের স্বার্থে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে জীপ গাড়িটির মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রাশেদুজ্জামান)
প্রশাসক
কালিয়া উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৪- ৪৪১ (৫০)

তারিখঃ ১৯/০৩/২০২৫ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক,নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।
৫। উপজেলা ..........................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
৬। চেয়ারম্যান,........................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

## "পরিশিষ্ট-ক"

বিষয় ঃ ১৩/০৩/২০২৫ খ্রি. তারিখে উন্নয়ন সমন্বয় কমিটির সভার উপস্থিতির হাজিরা।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ১নং বাবরাহাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০২ | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৩ | চেয়ারম্যান, ৩নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৪ | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৫ | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৬ | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৭ | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৮ | চেয়ারম্যান, ১১নং পেড়লী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৯ | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১০ | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১১ | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১২ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৩ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৪ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৫ | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৭ | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২২ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, পজিপ, বিআরডিবি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৩ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৪ | উপজেলা নির্বাচন অফিসার, পজিপ, বিআরডিবি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৫ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৬ | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৭ | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৮ | ফরেষ্টার, উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৯ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩০ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩১ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩২ | উপজেলা আইসিটি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৩ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৪ | গ্রাম আদালত, কালিয়া, নড়াইল। | |
| ৩৫ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |

(মোঃ রাশেদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরা:
মাসের নাম: মার্চ/২০২৫ তারিখ : ১৩/০৩/২০২৫ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | চেয়ারম্যান, ১নং বাবরা হাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০২। | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৩। | চেয়ারম্যান, ৩ নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৪। | চেয়ারম্যান, ৪নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৫। | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৬। | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | 13.03.2025 |
| ০৭। | চেয়ারম্যান, ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৮। | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৯। | চেয়ারম্যান, ৯নং বাঐসোনা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১০। | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১১। | চেয়ারম্যান, ১১ নং পেড়লী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১২। | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১৩। | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১৪। | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরাঃ

মাসের নামঃ মার্চ/২০২৫ তারিখ : ১৩/০৩/২০২৫ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০২ | সহকারী কমিশনার (ভুমি), কালিয়া, নড়াইল। | |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | [signature] ১৩/০৩/২৫ |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | [signature] 13.03.2025 |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | [signature] ১৩/০৩/২৫ |
| ০৭ | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। | [signature] ১৩/০৩/২৫ |
| ০৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | [signature] |
| ০৯ | সাব রেজিষ্টার, কালিয়া, নড়াইল। | |
| ১০ | উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১১ | উপজেলা সমাজ সেবা অফিসার, কালিয়া, নড়াইল। | [signature] ১৩/৩/২৫ |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | [signature] |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | [signature] ১৩.০৩.২০২৫ |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। | [signature] |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা ~~অফিসার~~ কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | [signature] |

| | | |
|---|---|---|
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১৮ | উপজেলা প্রকল্প অফিসার, পজিপ, বিআরডিবি, কালিয়া, নড়াইল। | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল। | ১৩/০৩/২৫ |
| ২০ | উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২১ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২২ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | ১৩/৩/২০২৫ |
| ২৩ | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। | ১৩/০৩/২০২৫ |
| ২৪ | ইন্সট্রাক্টর,উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল । | ১৩/০৩/২৫ |
| ২৫ | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। | ১৩/৩/২৫ |
| ২৬ | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। | ১৩/০৩/২৫ |
| ২৭ | ফরেষ্টার,উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | ১৩/০৩/২০২৫ |
| ২৮ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়া। | ১৩/৩/২৫ |
| ২৯ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল। | Brishti 13.03.25 |
| ৩০ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | ১৩/০৩/২৫ |
| ৩১ | উপজেলা আইসিটি অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ৩২ | উপজেলা ফায়ার সার্ভিস স্টেশন, কালিয়া, নড়াইল। | |
| ৩৩ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া, নড়াইল। | 13.03.25 |

| | | |
|---|---|---|
| ৩৪ | গ্রাম আদালত, কালিয়া, নড়াইল। | নীলা ১৬/৩/২৫ |
| ৩৫ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, কালিয়া, নড়াইল। | [illegible] ১৬/৩/২৫ |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |